




ফিলিস্তিনের ন্যায়ের লড়াইয়ে শহীদুল আলম মানবতার প্রতীক: তারেক রহমান



সংগৃহীত ছবি

গাজামুখী সুমুদ ফ্লোটিলায় অংশ নেওয়া আলোকচিত্রী ও দৃকের ব্যবস্থাপনা পরিচালক শহীদুল আলমের পদক্ষেপকে মানবিক সাহসের অনন্য উদাহরণ হিসেবে বর্ণনা করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেছেন, ফিলিস্তিনের ন্যায়সংগ্রামে বিএনপি সবসময় তাদের পাশে থাকবে।

গাজা অভিযুক্ত যাত্রা করা গ্লোবাল সুমুদ ফ্লোটিলা নৌবহরে অংশগ্রহণের মাধ্যমে আলোকচিত্রী শহীদুল আলম মানবতার প্রতি গভীর অঙ্গীকার ও সংহতির বার্তা দিয়েছেন বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

শুক্রবার (৩ অক্টোবর) দিবাগত রাত ১টা ৫২ মিনিটে নিজের ভেরিফাইড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি লেখেন, “শহীদুল আলমের এই সাহসী পদক্ষেপ কেবল সংহতির প্রতীক নয়— এটি অন্যায়ের বিরুদ্ধে বিবেকের গর্জন। বাংলাদেশের পতাকা বহন করে তিনি বিশ্ববাসীকে স্মরণ করিয়ে দিয়েছেন, আমাদের জাতি কখনও নিপীড়ন বা অন্যায়ের কাছে নত হয়নি, ভবিষ্যতেও হবে না।”

তারেক রহমান বলেন, “বিএনপি সবসময় মানবতা, ন্যায়বিচার ও নিপীড়িত জনগণের পক্ষে থাকবে।”

তিনি শহীদুল আলমের উদ্যোগকে বাংলাদেশের পক্ষ থেকে ফিলিস্তিনের স্বাধীনতা সংগ্রামের প্রতি এক ঐকান্তিক সমর্থন বলে উল্লেখ করেন।

তারেক রহমান আরও বলেন, ফিলিস্তিনের জনগণের ন্যায় অধিকার আদায়ের লড়াই আজ শুধু তাদের নয়, এটি সমগ্র মানবতার লড়াই। “আমরা বিশ্বাস করি, শহীদুল আলমের মতো সাহসী মানুষই বিশ্বকে দেখাচ্ছেন— নীরবতা নয়, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদই মানবতার প্রকৃত পরিচয়।”